



## যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়ার ঐতিহাসিক স্বীকৃতি পেল ফিলিস্তিন



সংগৃহীত ছবি

তিন প্রভাবশালী দেশ—যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়া—একযোগে ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে। এ ঘোষণার ফলে ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়া দেশের সংখ্যা দাঁড়াল ১৫০।

ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়া। রোববার (২১ সেপ্টেম্বর) পর্যায়ক্রমে তিন দেশ এই ঘোষণা জানায়, যা মধ্যপ্রাচ্যের রাজনৈতিক প্রেক্ষাপটে নতুন মোড় আনতে পারে।

ব্রিটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমার এক ভিডিওবার্তায় জানান, লন্ডনের এই সিদ্ধান্ত মূলত দুই রাষ্ট্রভিত্তিক সমাধানকে পুনরুজ্জীবিত করার অংশ। তাঁর ভাষায়, “ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়ে আমরা ন্যায়ভিত্তিক শান্তি প্রতিষ্ঠার পথে এগিয়ে যাচ্ছি।”

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবানিজ ও পররাষ্ট্রমন্ত্রী পেনি অং য়োথ এক বিবৃতিতে ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতির ঘোষণা দেন।

অন্যদিকে, জি-সেভেনভুক্ত দেশগুলোর মধ্যে প্রথম কানাডাই ফিলিস্তিনকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেয়। এর মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে ফিলিস্তিনের কূটনৈতিক অবস্থান আরও শক্তিশালী হলো।

এ ঘোষণার পর বিশ্বব্যাপী ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়া দেশের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৫০।